

"শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
আইসিটি শাখা



### ইনোভেশন সভার কার্যবিবরণী

সভাপতি	ফরিদা পারভীন অতিরিক্ত সচিব
সভার তারিখ	০১/০৪/২০২১
সভার সময়	১১.০০ ঘটিকা
স্থান	অনলাইন মিটিং (zoom)
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি ইনোভেশন সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি ইনোভেশন টিমের সদস্য সচিব/ফোকাল পার্সন মোঃ ইনামুল হককে মন্ত্রণালয়ের সেবা সহজীকরণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

ফোকাল পার্সন জানান ২০২০-২০২১ অর্থবছরে সেবা সহজীকরণ হিসেবে মন্ত্রণালয় থেকে সেলাই মেশিন বরাদ্দকরণ কার্যক্রম' টি ইতিমধ্যে মবিঅ-২ অধিশাখা হতে সহজীকৃত প্রসেস ম্যাপ অনুযায়ী বাস্তবায়িত হচ্ছে। একই সাথে এর আওতায় একটি ডিজিটাল সার্ভিস নির্মাণাধীন যার মাধ্যমে সেলাই মেশিন বরাদ্দ পেতে ইচ্ছুক নাগরিকগণ অনলাইনে আবেদন করতে পারবেন। তিনি সংশ্লিষ্ট অধিশাখা'র উপসচিব এবং সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠান স্পেকট্রাম আইটি'র সফটওয়্যার ম্যানেজারকে লাইভ থেকে সফটওয়্যারটি'র ডেমো উপস্থাপনা'র অনুরোধ জানান। বিস্তারিত উপস্থাপনায় স্পেকট্রাম আইটি'র ম্যানেজার জনাব মামুন ইনোভেশন টিমের সকলকে অনলাইনে সফটওয়্যারটি'র আবেদন প্রক্রিয়া এবং অন্যান্য বিষয়াদি উপস্থাপনা করেন। তিনি জানান, আবেদনকারীকে অবশ্যই NID অথবা জন্মনিবন্ধন নাম্বার সহ আবেদন করতে হবে এবং একই সাথে প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করে দিতে হবে। তিনি একই সাথে সভাকে অবহিত করেন সফলভাবে একটি আবেদন সম্পন্ন আবেদনকারী একটি এসএমএস পাবেন। যুগ্মসচিব (পরিচালনা-২) জনাব মাহমুদ আলী পরামর্শ দেন, আবেদন দাখিল সম্পন্ন হলে আবেদন কারীকে একটি পিডিএফ ডাউনলোড করার অপ্লহন দিতে যাতে তিনি আবেদনের কপিটি সংরক্ষণ করতে পারেন। স্পেকট্রাম আইটি'র সফটওয়্যার ম্যানেজার আরো জানান, একটি ট্র্যাকিং এর ব্যবস্থা থাকবে যাতে আবেদনকারীর ট্র্যাকিং নম্বর দিয়েও আবেদন খুঁজে বের করা সম্ভব। এরপর তিনি সফটওয়্যারটি'র এডমিন প্যানেলের বিস্তারিত উপস্থাপনা করেন। মবিঅ-২ অধিশাখা'র উপসচিব জানান, এ সফটওয়্যারটি'র সাথে ই নথি'র ইন্টিগ্রেশন হলে আবেদনকারীদের তথ্য দ্রুত নথিতে উপস্থাপন সম্ভব হবে। স্পেকট্রাম আইটি'র সফটওয়্যার ম্যানেজার জানান, ই নথি থেকে এপিআই পেলে এ ইন্টিগ্রেশন সম্ভব। তিনি আরো জানান, একই ধরনের একটি কাজ বিস্ফোরক অধিদপ্তরে চলমান যাতে এখনো ইন্টিগ্রেশন সম্ভব হয় নাই। আপাততঃ দুইটি সিস্টেম আলাদা ভাবে চলবে। তবে এ সিস্টেম হতে ডাটা এক্সপোর্ট করে নথিতে উপস্থাপন সম্ভব। প্রোগ্রামার সভাকে জানান, আপাততঃ সিস্টেমটি প্রাথমিকভাবে চলা শুরু করলে ধাপে ধাপে উন্নয়ন সম্ভব।

বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে চীফ ইনোভেশন অফিসার, উপসচিব (মবিঅ-২) এবং প্রোগ্রামারকে সফটওয়্যার টি দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অনলাইন সভার কার্যক্রম সমাপ্ত করে।



ফরিদা পারভীন  
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৪৭

তারিখ: ২৮ চৈত্র ১৪২৭

১১ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) যুগ্মসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) উপসচিব, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৪) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৫) অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়



মোঃ ইনামুল হক  
প্রোগ্রামার